রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০২৪৭-৮৬০৫১৫
ই-মেইল : dgmlad1@rakub.org.bd
ওয়েব সাইট : www.rakub.org.bd

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

ঋওঅবি-১ সার্কুলার নং-০৮/২০২০

তারিখ ২৩.০৭.২০২০

বিষয়ঃ ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতাদের প্রণোদনা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৬ মে ২০১৯ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৪, তৎপ্রেক্ষিতে রাকাব কর্তৃক গত ০৮.০৭.২০১৯ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-০২/২০১৯ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৮ জুন ২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-১৪ (কপি সংযুক্ত) এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। উল্লিখিত (বিআরপিডি সার্কুলার নং-০৪, তারিখ ১৬.০৫.২০১৯) সার্কুলারের মাধ্যমে ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতা চিহ্নিতকরণপূর্বক এ মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, চলমান/তলবী/মেয়াদী ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে প্রতি বছর সেপ্টেম্বর মাস শেষে বিগত ১২ মাসে (বিগত বছরের ০১ অক্টোবর থেকে চলতি বছরের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত) ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতার সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের বিপরীতে আদায়কৃত সুদ/মুনাফার অন্যূন ১০% রিবেট (Rebate) সুবিধা প্রদান করতে হবে। এক্ষণে, ২৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৩ এর মাধ্যমে ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে ঋণ/বিনিয়োগের উপর সুদ/মুনাফার সর্বোচ্চ হার নির্ধারিত হওয়ায় এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিআরপিডি সার্কুলার নং-০৪/২০১৯ অনুযায়ী কোন গ্রাহক ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচিত হলে তিনি ৩০ সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত রিবেট প্রাপ্য হবেন। তবে, ব্যাংক কর্তৃক ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতা চিহ্নিতকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এতদপ্রেক্ষিতে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৮ জুন ২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-১৪ এর নির্দেশনার আলোকে ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতা চিহ্নিতকরণসহ তাদেরকে প্রণোদনা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়াবলী প্রযোজ্য হবেঃ

৩। প্রতি বছর ডিসেম্বর মাস অন্তে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতাকে চিহ্নিত করতে হবেঃ

ক) চলমান ঋণ/বিনিয়োগ গ্রহীতার ঋণ/বিনিয়োগ হিসাব সংশ্লিষ্ট বছরের ডিসেম্বর মাস পর্যন্ত এবং অব্যবহিত পূর্ববর্তী ৪টি ত্রৈমাসিকে অশ্রেণীকৃত-স্ট্যান্ডার্ড অবস্থায় থাকলে এবং মঞ্জুরী/নবায়ন পত্রের শর্তানুসারে উক্ত ঋণ/বিনিয়োগ হিসাবে লেনদেন সন্তোষজনক হলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচিত হবেন।

খ) তলবী ঋণ/বিনিয়োগ গ্রহীতার সংশ্লিষ্ট বছরের ডিসেম্বর মাস পর্যন্ত এবং অব্যবহিত পূর্ববর্তী ৪টি ত্রৈমাসিকে সকল তলবী ঋণ/বিনিয়োগ অশ্রেণীকৃত-স্ট্যান্ডার্ড অবস্থায় সমন্বিত হলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচিত হবেন।

গ) মেয়াদী ঋণ/বিনিয়োগ গ্রহীতার ঋণ/বিনিয়োগ হিসাবে বিগত ১২ মাসের সকল কিস্তি নির্ধারিত তারিখের মধ্যে নিয়মিতভাবে পরিশোধিত হলে এবং অব্যবহিত পূর্ববর্তী ৪টি ত্রৈমাসিকে অশ্রেণীকৃত-স্ট্যান্ডার্ড অবস্থায় থাকলে সংশ্লিষ্ট গ্রাহক ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচিত হবেন।

ঘ) কোন ঋণ/বিনিয়োগ গ্রহীতার একাধিক ঋণ/বিনিয়োগ থাকলে প্রতিটি ঋণ/বিনিয়োগের জন্য উল্লিখিত শর্তসমূহ পরিপালন করলেই কেবল সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতা ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচিত হবেন।

ঙ) সকল ক্ষেত্রেই কোন ব্যাংকে বিগত ১২ মাসে কোন গ্রাহক বা তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে বিরূপমানে শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগ থাকলে উক্ত গ্রাহক ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচিত হবেন না।

চ) যৌক্তিক কারণে ঋণ/বিনিয়োগ হিসাব প্রথমবার পুনঃতফসিল/পুনর্গঠনের মাধ্যমে নিয়মিত করা হলে উপরে বর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে উক্ত ঋণ/বিনিয়োগ গ্রহীতাকে ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতা হিসেবে বিবেচনা করা যাবে।

চলমান পাতা-০২

৪। অত্র সার্কুলারের ০৩নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী অনুযায়ী কোন গ্রাহক ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতা হিসেবে চিহ্নিত হলে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে ঃ

ক) ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতাদের ঋণ/বিনিয়োগ তথ্য সিআইবিতে STD-GB (Standard-Good Borrower) হিসেবে রিপোর্ট করতে হবে।

খ) তিন বছর বা তদুর্ধ্ব সময়কাল ধরে ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতা হিসেবে চিহ্নিত গ্রাহকদের ছবি, প্রোফাইল ইত্যাদির সমন্বয়ে ব্যাংক বিশেষ বুকলেট/ম্যাগাজিন প্রকাশ করতে পারবে। এক্ষেত্রে প্রথম প্রকাশের ক্ষেত্রে ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতাদের সংখ্যা অধিক হলে অপেক্ষাকৃত দীর্ঘ সময় ধরে যে সকল ঋণ/বিনিয়োগ গ্রহীতা ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতা হিসেবে চিহ্নিত হবেন তাদের নাম বিশেষ বুকলেট/ম্যাগাজিন এ অন্তর্ভুক্তকরণে অগ্রাধিকার পাবে।

গ) ব্যাংক বার্ষিক অনুষ্ঠানের মাধ্যমে ভালো ঋণ/বিনিয়োগ গ্রহীতাদের স্বীকৃতি/পুরস্কার প্রদানকরতঃ তাদেরকে সম্মাননা জ্ঞাপনের ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৫। এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। এই নীতিমালা জারির ফলে ইতোপূর্বে জারিকৃত এতদ্‌সংক্রান্ত সকল নির্দেশনা রহিত মর্মে গণ্য হবে।

আপনার বিশ্বস্ত

২৩.০৭.২০২০

(শওকত শহীদুল ইসলাম
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সূত্র নং-প্রকা/ঋওঅবি-১/২০/২০২০-২০২১/১০৬(৪৫৪) তারিখ: ২৩.০৭.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১১। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/মহানথি।